দামুড়হুদা দলকা মৎস্য সমবায় সমিতির শান্তি সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষিপুর মৎস্য সমবায় সমিতির শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ বিকাল ৪ টার দিকে দলকা বিল পাড়ে এই শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

দলকা লক্ষ্মীপুর মৎস্য সমবায় সমিতির সভাপতি ওমর আলী’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জুড়ানপুর ৪ নং ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন সহ সমিতির আগত সদস্য ও স্থানীয় গন্যমান্য ব্যক্তি বর্গ উপস্থিত ছিলেন।

মৎস্য সমবায় সমিতির সাধারণ সম্পাদক মুক্তার হোসেনের সঞ্চালনায় শান্তি সমাবেশে বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে একটি কুচক্রী মহল এই দলকা লক্ষীপুর বিল টি কুক্ষিগত করে রেখেছিল। কিন্তু সময় এসেছে চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর এমপি’র মাধ্যমে সরকারের নীতিমালা অনুযায়ী জাল দরা যার বিল তার। সেই আলোকে আগামী কয়েক সপ্তাহের মধ্যেই এই দলকা লক্ষীপুর মৎস্য সমবায় সমিতির হাতে আবারো বিল আসবে বলে আমরা সকলে বিশ্বাস করি। নতুন করে আর কেউ এই বিল জোর করে ভোগ দখল করতে পারবে না। আমরা সবাই মিলে কিভাবে বিলটি চাষ করলে সবাই উপকৃত হব এবং দেশের উন্নয়ন হবে সে বিষয়ে সবাই মিলে মতামত দিয়ে সেই আলোকে আমরা কাজ করে যাবো।

বক্তারা আরো বলেন বিলটি যেন আর কেউ জবরদখল করে ভোগ দখল করতে না পারে এবং আমরা সমিতির সদস্যরা যেনো আবারো বিলটি ফিরে পাই সে বিষয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা ২ আসনের এমপির সুদৃষ্টি কামনা করেন।

দামুড়হুদায় ডিবি পুলিশের অভিযানে ফেনসিডিলসহ গ্রেফতার ১

দামুড়হুদায় ডিবি পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেন্সিডিল সহ একজনকে গ্রেফতার করেছে।

আজ মঙ্গলবার রাত ৯টার দিকে। গ্রেফতারকৃত আসামি হলো উপজেলার হাতিভাঙ্গা গ্রামের মৃত রতন আলীর ছেলে তহির উদ্দিন (৪৮)।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে মোঃ ফেরদৌস ওয়াহিদ, অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গার নেতৃত্বে এসআই সুমন্ত বিশ্বাস, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে দামুড়হুদা থানাধীন মোক্তারপুর গ্রামস্থ মোক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সামনে দামুড়হুদা টু কার্পাসডাঙ্গা গামী পাঁকা রাস্তার উপর হতে আসামী তহির উদ্দিনকে গ্রেফতার পূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৩৬ বোতল ভারতীয় আমদানি নিষিদ্ধ ফেন্সিডিলসহ হাতে নাতে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

কার্পাসডাঙ্গা মিশনপল্লীর মি: হারুন সরকার পরলোক গমন করেছে

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের মিশনপল্লীর মি: হারুন সরকার পরলোক গমন করেছেন।

আজ মঙ্গলবার দুপুরের দিকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করে পরলোক গমন করে। মি: হারুন সরকার

কার্পাসডাঙ্গা মিশনপল্লীর সুদিন সরকারের ছেলে।

পরিবারের পক্ষ থেকে জানা গেছে দীর্ঘদিন হার্টের সমস্যায় ভুগছিলেন মি: হারুন সরকার। আর আজ দুপুরের দিকে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করে পরলোক গমন করেন তিনি।

তার মৃত্যুতে মিশনপল্লীর বাসিন্দা সহ বন্ধুমহল ও এলাকায় শোকের ছায়া নেমে আসে। আগামীকাল বুধবার তার দাফনকার্য সম্পন্ন হবে কার্পাসডাঙ্গা মিশন খ্রিষ্টয়ান কবরস্থানে।

চুয়াডাঙ্গায় শীতর্থ মানুষের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গায় শীতর্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১টার সময় ব্যুরো বাংলাদেশ কুষ্টিয়া অঞ্চলের আয়োজনে চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজল গাড়ি মাধ্যমিক বিদ্যালয়ে এ কম্বল বিতরণ করা হয় ।

চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুবি ইউনিয়ন, তিতুদহ ইউনিয়ন ও বেগমপুর ইউনিয়নের ৪শতাধীক শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

ব্যুরো বাংলাদেশ কুষ্টিয়া অঞ্চলিক ব্যবস্থাপক খন্দকার মাহবুবুর রহমান শিপনের সভাপতিত্বে, অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতিমা তুজ জোহরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ব্যুরো বাংলাদেশ খুলনা বিভাগের বিভাগীয় ব্যবস্থাপক আল আমিন খান, বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন,দৈনিক প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি শাহ আলম সনি, মাই টিভির মিথুন মাহমুদ, হিজল গাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, হিজল গাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি সাইফুল ইসলাম মিন্টু, ব্যুরো বাংলাদেশ চুয়াডাঙ্গা এলাকার ব্যবস্থাপক নুরুল ইসলাম, ঝিনাইদহ এলাকার

ব্যবস্থাপক জাহিদুল ইসলাম, মেহেরপুর এলাকার ব্যবস্থাপক আব্দুল্লাহ মিয়া, আলমডাঙ্গা এলাকার ব্যবস্থাপক মোফাজ্জল হোসেন প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে জেলা পুলিশ চুয়াডাঙ্গার আয়োজনে মঙ্গলবার সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা’র পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবার সভাপতিত্বে ডিসেম্বর মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা মোবাইল, জাল টাকা, অজ্ঞানপার্টি, মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়া তথ্যফরম পূরণ, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এ সময় পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার(দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা সহ সকল অফিসার ইনচার্জগণ, ডিআইও-১, ইন্সপেক্টর ক্রাইম ডিএসবি,কোর্ট পুলিশ পরিদর্শক,টিআই (প্রশাসন) এবং বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ উক্ত মাসিক অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় আমের গাছে আসতে শুরু করেছে মুকুল; বাম্পার ফলনের আশা

চুয়াডাঙ্গায় চলতি মৌসুমে আমের আবাদ (বাগান) হয়েছে ২ হাজার ৩০৪ হেক্টর জমিতে। বাগানগুলোতে এরইমধ্যে আমের মুকুল আসা শুরু করেছে। আবহাওয়া অনুকূলে থাকলে জেলায় এবারের মৌসুমে ৩০ হাজার ৮১৩ মেট্রিকটন আম উৎপাদন হবে বলে আশা করছে কৃষি বিভাগ।

কৃষকদের সচেতনতা আর আবহাওয়া অনুকূলে থাকলে জেলায় এবারো আমের বাম্পার ফলন হবে বলে জানালেন কৃষিবিদরা। এতে করে চুয়াডাঙ্গার উৎপাদিত আম জেলার চাহিদা পূরণ করে দেশ ও দেশের বাইরেও রফতানি করা সম্ভব হবে।

জানা গেছে, চুয়াডাঙ্গা জেলায় ২ হাজার ৩০৪ হেক্টর জমিতে আমের বাগান রয়েছে। এর মধ্যে সদর উপজেলায় ৭২০ হেক্টর, আলমডাঙ্গায় ২২০ হেক্টর, দামুড়হুদায় ৭৩৯ হেক্টর ও জীবননগর উপজেলায় ৬২৫ হেক্টর জমিতে আম বাগান রয়েছে। চুয়াডাঙ্গা জেলায় সব মিলিয়ে প্রায় ১০ লাখ আম গাছ রয়েছে। এর মধ্যে হিমসাগর, আম্রপালী, ন্যাংড়া, বোম্বাই, ফজলি, মল্লিকাসহ বিভিন্ন জাতের আম গাছ রয়েছে। এদের মধ্যে অর্ধেকই আম্রপালী।

চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপ পরিচালক বিভাস চন্দ্র সাহা জানান, কৃষি বিভাগের তদারকি ও কৃষকের পরিশ্রমে গত মৌসুমে চুয়াডাঙ্গায় আমের বাম্পার ফলন হয়েছে। চলতি মৌসুমেও বাম্পার ফলন হবে বলে আশা করছি। আগের মৌসুমগুলোতে কৃষকের সামান্যতম সচেতনতার অভাবে প্রতি বছর আম-চাষিরা আমের বাম্পার ফলন থেকে বঞ্চিত হতো। অথচ সামান্য সচেতন হলেই সম্ভাবনাকে কাজে লাগিয়ে অধিক ফলনসহ বাণিজ্যিকভাবে আমের বাজারজাতকরণ ও পরিবারের আর্থিক উন্নয়ন ঘটানো সম্ভব।

এ মুহূর্তে পরিচর্যা একটু বাড়াতে হবে। আমগাছের গোড়ায় মাঝে-মধ্যে সেচ দিতে হবে। এতে গাছের কাণ্ডগুলো যেমন শক্ত থাকবে, তেমনি

দামুড়হুদায় ডিবি পুলিশের অভিযানে প্রায় সাড়ে ৮ লক্ষ টাকার রুপার গহনা উদ্ধার

দামুড়হুদা বাসট্যান্ডে জেলা ডিবি পুলিশের অভিযানে ৮ প্যাকেট রুপার তৈরি গহনা ও একটি টিভিএস স্টাইকার ১২৫ সিসি মোটরসাইকেল জব্দ করেছে জেলা গোয়েন্দা সংস্থা। আজ মঙ্গলবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে এসব জব্দ করা হয়। রুপার তৈরি গহনার মূল্য প্রায় ৮ লক্ষ ৪০ হাজার টাকা। বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা জেলা ডিবি পুলিশের অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার ফয়জুর রহমানের দিকনির্দেশনায় জেলার ডিবি পুলিশের অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে দামুড়হুদা বাসস্ট্যান্ডে গোপন সংবাদের ভিত্তিতে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনার জন্য দর্শনা চুয়াডাঙ্গা মহাসড়কের দামুড়হুদা বাসস্ট্যান্ডে এম্বুস নেয় ডিবি পুলিশ। অভিযান পরিচালনার সময় একটি টিভিএস স্ট্রাইকার ১২৫ সিসি মোটরসাইকেল দামুড়হুদা বাসস্ট্যান্ডে এসে পৌঁছালে থামার জন্য সিগনাল দেওয়া হয় এবং পুলিশের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেল ফেলে আরোহীরা দৌড়ে পালিয়ে যায়। স্থানীয়দের সহায়তায় তাদেরকে দৌড়ে ধরার চেষ্টা করলে তারা একটি বাড়ির মধ্যে ঢুকে পরে এবং সেখানে থেকে পালিয়ে যাই। ফলে ডিবি পুলিশ আর তাদেরকে ধরতে পারেনি। পরে মোটরসাইকেলটি ডিবি পুলিশ জব্দ করে এবং উপস্থিত জনসম্মুকে মোটরসাইকেলটি তল্লাশি করা হয়।

এতে দেখা যায় মোটরসাইকেলের টাংকির সাথে বিশেষ কায়দায় কসটেপ দিয়ে মোড়ানো ৮টি প্যাকেট সেটিং করা আছে। ১ টি প্যাকেট জনসম্মুখে খুললে তাতে দেখা যায় রুপার তৈরি বিভিন্ন ডিজাইনের গহনা আছে। প্যাকেট গুলোর ওজন ছিল ৭ কেজি ৩ গ্রাম। যার আনুমানিক বাজার

মূল্য প্রায় ৮ লক্ষ ৪০ হাজার টাকা। ৮ প্যাকেট রুপার তৈরি গহনা ও একটি টিভিএস স্ট্রাইকার ১২৫ সিসি মোটরসাইকেল ডিবি পুলিশ জব্দ করে নিয়ে যায়।

এবিষয়ে চুয়াডাঙ্গা জেলা ডিবি পুলিশের অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, গোপন সংবাদের ভিত্তিতে আমরা জানতে পারি একটি চক্র মাদক ও চোরাকারবার করার জন্য দামুড়হুদা বাসস্ট্যান্ড অবস্থান নেবে। বিষয়টি জানার সাথে সাথে এসপি স্যারের নির্দেশে আমরা দামুড়হুদা বাসস্ট্যান্ডে অবস্থান নিলে আমাদের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেল ফেলে চোরাকারবারিরা পালিয়ে যায়। মোটরসাইকেলটি তল্লাশি করে আমরা ৮ প্যাকেটে ৭ কেজি ৩ গ্রাম রুপার তৈরি গহনা উদ্ধার করি। যার বাজার মূল্য প্রায় ৮ লক্ষ ৪০ হাজার টাকা। আসামিদের সনাক্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

রিপোর্ট লেখা পর্যন্ত দামুড়হুদা মডেল থানায় মামলা প্রক্রিয়াধীন ছিলো।

দর্শনায় শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ

দর্শনায় বুয়েট-৮৭ ফাউন্ডেশনের সহযোগিতায় এবং বন্ধুজন-৮৯ এর উদ্যোগে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকাল ৫টার দিকে শীতবস্ত্র কম্বল দর্শনা থানাপাড়, জীবননগর, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কয়েকটি ইউনিয়নের হতদরিদ্র মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়েছে।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর ছড়িয়ে ছিটিয়ে থাকা বন্ধুদের মাধ্যমে ২০০শত জন শীতার্থ মানুষের মাঝে এসব কম্বল বিতরণ করা হয়। দর্শনায় বন্ধুজন-৮৯ ব্যাচ দর্শনা সরকারী কলেজের ছাত্র আব্দুস সামাদ বিপু, মিনাজ উদ্দিন ও লাড্ডান, জীবননগরে আজিজুল হক ও আব্দুল হাকিম এবং ইমরোজ আলী এসব কম্বল গুলো বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে মাদকসহ আটক-৪

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা সদর উপজেলা সহ দর্শনার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করেছে। এ অভিযানে মাদক উদ্ধার করা সহ পৃথক স্থান হতে আটক করা হয় ৪ জন মাদক ব্যবসায়ীকে।

আটককৃতদের বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদন্ড ও অর্থদন্ড প্রদান করা হয়েছে। তারা চুয়াডাঙ্গা সদর উপজেলার জালশুকা মসজিদপাড়ার লালন, দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মিজানুর রহমান, হাফিজুর রহমান ও মোবারক পাড়ার জাহিদুল ইসলাম। তাদেরকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান শেষে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানাযায়, আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. সাদাত হোসেনের নেতৃত্বে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শিরিন আক্তার, পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিন সহ সঙ্গীয় সদস্য মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন চুযাডাঙ্গা সদর উপজেলার জালশুকা গ্রামে।

এসময় গ্রামের মসজিদ পাড়ার আবুল কালাম আবুর ছেলে লালনের নিজ দখলীয় বসতঘর মধ্যে হইতে ৫শত গ্রাম গাঁজা সহ লালন মিয়াকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

একই অভিযানিকদল দুপুর ১টার দিকে অভিযান পরিচালনা করেন জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামে। এসময় গ্রামের পাকা রাস্তার পূর্ব পাশে বিপ্লবের কলা বাগানের মধ্যে হইতে ৫০ লিটার তাঁড়ি সহ গ্রেফতার করা হয় মিজানুর রহমান
(৪২) নামের এক তাঁড়ি ব্যবসায়ীকে। গ্রেফতারকৃত মিজানুর রহমান দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের কেওড়া পাড়ার কালাচান মন্ডলের

ছেলে। গ্রেফতারকৃতকে ভ্রাম্যমান আদালত ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫ শত টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন। দুপুর ১টার দিকে একইদল অভিযান চালায় দর্শনা পৌরসভাধীন মোবারক পাড়ায়।

এসময় মোবারক পাড়া পাকা রাস্তার পশ্চিমপাশে হাসনা মিয়ার প্রোল্ট্রি ফার্মের সামনে হতে ২ লিটার তাঁড়িসহ গ্রেফতার করা হয় মোবারক পাড়ার মৃত. ছিরু মিয়ার ছেলে জাহিদুল ইসলামকে (৪১)।

গ্রেফতারকৃতকে ভ্রাম্যমান আদালতে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১ শত টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

একইস্থান থেকে দুপুর ২ টার দিকে ২ লিটার তাঁড়ি সহ গ্রেফতার করা হয় দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত. তহির উদ্দিনের ছেলে হাফিজুর রহমানকে (৬০)। তাকে ভ্রাম্যমান আদালতে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১ শত টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ কারাদন্ড ও জরিমানার রায়প্রদান করেন অভিযান নেতৃত্বে থাকা চুয়াডাঙ্গা বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. সাদাত হোসেন।

দর্শনার হাফেজ নকীব ঢাবির মার্স্টাস সমাপনী পরীক্ষায় ১ম হলেন

দর্শনার হাফেজ সায়ীদ নকীব ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে মার্স্টাস সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করে এবার মেধা তালিকায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছে।

আজ সোমবার প্রকাশিত ফলাফলে সে সিজিপিএ পেয়েছে ৪ এর মধ্যে ৪। ইতিপূর্বে অর্নাস পরীক্ষায় ৪ এর মধ্যে ৩.৮৫ পেয়ে প্রথম শ্রেণীতে দ্বিতীয় হয়েছিল। নকীব ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদরাসা থেকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল ও আলিম পরীক্ষায় অংশ গ্রহণ করে উভয় পরীক্ষায় গোল্ডেনসহ জিপিএ-৫

পেয়েছিল।

সে জেলার দর্শনার বিশিষ্ট আলেম দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রাক্তন ধর্মীয় শিক্ষক মরহুম মাওলানা এবিএম আব্দুল লতিফ ও রোকেয়া বেগমের এর কনিষ্ঠ সন্তান।

হাফেজ নকীব ঢাবিতে বিএনসিসিসহ বিভিন্ন প্রতিযোগীতায় প্রতিভার স্বাক্ষর রেখেছে। সে শিক্ষা গবেষনায় উচ্চতর ডিগ্রী অর্জন করতে চায়। নকীব সকলের দোয়া প্রার্থী।